

## শিক্ষার মানোন্নয়নে পদক্ষেপ নিয়েছে সরকার: গণশিক্ষা প্রতিমন্ত্রী



(বাঁ থেকে বসা) অধ্যাপক ড. মোহাম্মদ সাইফুর রহমান, রুমানা আলী এমপি, অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক ও অধ্যাপক ড. আরিফ মহিউদ্দিন। ছবি: সমকাল

ওয়াশিংটন ডিসি প্রতিনিধি

প্রকাশ: ০১ জুন ২০২৪ | ১১:১৫ | আপডেট: ০১ জুন ২০২৪ | ১১:১৭



যুক্তরাষ্ট্র সফররত প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী রুমানা আলী বলেছেন, ‘সরকার প্রাথমিক শিক্ষা ও শিক্ষকদের মান আরও উন্নয়নের লক্ষ্যে বহুমুখী উদ্যোগ গ্রহণ করেছে।’

গত বুধবার সন্ধ্যায় ভার্জিনিয়ার ফলস চার্চে আয়োজিত এক সুধী-সমাবেশে তিনি এ কথা বলেন। প্রতিমন্ত্রী রুমানা আলী এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ভাইস চ্যান্সেলর ও বঙ্গবন্ধু পরিষদের কেন্দ্রীয় সভাপতি অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সম্মানে ওই

সুধী-সমাবেশের আয়োজন করা হয়।

UNIBOTS

প্রতিমন্ত্রী রুমানা আলী বলেন, ‘বর্তমান সরকার সারা দেশে প্রাথমিক বিদ্যালয়ের অবকাঠামো নির্মাণ ও শিক্ষক নিয়োগের কাজ ইতোমধ্যেই সম্পন্ন করেছে। এখন আমরা শিক্ষা ও শিক্ষকদের মান আরও উন্নয়নের ওপর জোর দিয়েছি। এছাড়াও প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের ঝরেপড়া রোধকল্পে সরকার স্কুল ফিডিং প্রোগ্রাম চালুর সিদ্ধান্ত নিয়েছে।’ এ লক্ষ্যে একনেক সম্প্রতি ১৬০ উপজেলায় এই কর্মসূচি শুরু করার অনুমোদন দিয়েছে বলে তিনি জানান।

অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, ‘বর্তমান বাস্তবতায় একমুখী শিক্ষা ব্যবস্থা আর সম্ভব নয়। সেক্ষেত্রে বাংলা, ইংরেজি ও মাদরাসা শিক্ষাব্যবস্থার সমন্বয়ে একটি সংযোগ কোর্স চালু করার বিষয়ে চিন্তা করা যেতে পারে।’

তিনি বলেন, ‘বহু সংস্কৃতির দেশ যুক্তরাষ্ট্রের শিক্ষাব্যবস্থার সাথে পরিচিত ও অভিজ্ঞ প্রবাসী বাংলাদেশি শিক্ষক ও অভিভাবকেরা সরকারের দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে তাদের অভিজ্ঞতা বিনিময় করতে পারেন।’

অনুষ্ঠানে প্রতিমন্ত্রী রুমানা আলী ও ড. আরেফিন সিদ্দিক হোটার ওয়াশিংটন ডিসি এলাকার বিভিন্ন প্রতিষ্ঠানে কর্মরত বিশিষ্ট ব্যক্তিবর্গের বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের শিক্ষাব্যবস্থা সম্পর্কিত প্রশ্নের জবাব দেন।

দৈনিক সমকালের ওয়াশিংটন ডিসি প্রতিনিধি শাহিদ মোবাশ্বেরের সঞ্চালনায় অনুষ্ঠিত সুধী-সমাবেশে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন ভার্জিনিয়া টেক ইউনিভার্সিটির ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের পরিচালক ও ইন্সটিটিউট অব ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিংয়ের প্রেসিডেন্ট অধ্যাপক ড. মোহাম্মদ সাইফুর রহমান, ভার্জিনিয়া কমনওয়েলথ ইউনিভার্সিটির এনভায়রনমেন্টাল স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. আরিফ মহিউদ্দিন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের প্রাক্তন শিক্ষক ও বিশ্বব্যাংকের শিক্ষা বিভাগের সিনিয়র কর্মকর্তা ড. সুব্রত ধর, যুক্তরাষ্ট্রের স্বনামধন্য আইনজীবী অ্যাটর্নি মোহাম্মদ আলমগীর, যুক্তরাষ্ট্রে বাংলাদেশ দূতাবাসের প্রেস মিনিস্টার এজেডএম সাজ্জাদ হোসেন, জর্জ মেসন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ড. এম আমিনুর রহমান, ম্যারিল্যান্ডের হেল্থ অ্যান্ড হিউম্যান রিসোর্স গবেষণা পরিচালক ড. সাদেক চৌধুরী, ওয়াশিংটন সাব-আরবান সেনেটারি কমিশনের প্রকল্প ব্যবস্থাপক ড. মাহবুব প্রামাণিক, বাংলাদেশ সরকারের প্রাক্তন উপসচিব ও বঙ্গবন্ধু ফাউন্ডেশনের ভারপ্রাপ্ত সভাপতি সালেহ আহমেদ, বঙ্গবন্ধু ফাউন্ডেশনের যুগ্ম সম্পাদক ও যুক্তরাষ্ট্র সরকারের মিনিস্ট্রি অব কমার্সের প্রাইমারি প্যাটেন্ট এক্সামিনার জিয়াউল করিম, বিশিষ্ট ব্যবসায়ী মোহাম্মদ মকবুল হোসেন, ভার্জিনিয়া ডিপার্টমেন্টের টেকনিক্যাল এডুকেশনের সামিনা নাসরিন, বৃহত্তর ওয়াশিংটন ডিসি চট্টগ্রাম ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের প্রেসিডেন্ট ও আইটি প্রফেশনাল মাসহাদুল আলম রুপম প্রমুখ।